দৈনিক বাংলা

তারিখ ... 14-JUN 1994
পৃষ্ঠা ১ কলাম ৪

106

আজ ৮ ঘন্টা হরতাল আহবান

# ধর্মঘটী শিক্ষকদের মিছিল ঃ স্পীকারের কাছে স্মারকলিপি

স্টাফ রিপোর্টার ঃ শিক্ষক সংগ্রাম লিয়াজোঁ কমিটি আজ মঙ্গলবার রাজধানীতে সকাল ৬টা থেকে দুপুর ২টা পর্যন্ত হরতাল ডেকেছে। চার দফা দাবি আদায়ের জন্য আজ তাঁরা হরতাল আহবান করেছে।

আট ঘন্টাব্যাপী এই হরতাল সফল করার জন্য শিক্ষক সংগ্রাম লিয়াজোঁ কমিটি সকলের প্রতি আহবান জানিয়েছেন। বিভিন্ন রাজনৈতিক সংগঠন এই হরতালের প্রতি সমর্থন ব্যক্ত করেছে।

সোমবার বিকালে শিক্ষক সংগ্রাম লিয়াজোঁ কমিটির এক প্রতিনিধিদল সংসদ ভবনে গিয়ে স্পীকার শেখ রাজ্জাক আলীর কাছে চারদফা দাবি সংবলিত স্মারকলিপি পেশ করেন।

প্রতিনিধি দলে ছিলেন মোঃ কামরুজ্জামান, কাজী ফারুক আহমদ, শেখ আমানউল্লাহ, ডঃ এম আক্তারুজ্জামান, চৌধুরী খুরশীদ আলম, শহীদুর রহমান, হোসনে আরা, আসাদুল হক ও হাবিবুর রহমান।

মৎস্য ও পশু সম্পদমন্ত্রী আবদুল্লাহ আল নোমান স্মারকলিপি পেশের সময়

(৮–এর পৃঃ ৭–এর কঃ দ্রঃ)

## ধর্মঘটী শিক্ষকদের কাছে স্মারকলিপি পেশ

( প্রথম পৃষ্ঠার পর )

উপস্থিতি ছিলেন। লিয়াজোঁ কমিটির নেতৃবৃন্দ স্পীকার শেখ রাজ্জাক আলীর সংগে বেসরকারী মাধ্যমিক স্কুল ও কলেজের শিক্ষকদের সমস্যা এবং দাবি নিয়ে আলোচনা করেন। স্পীকার তাদের বক্তব্য ধৈর্যের সঙ্গে শোনেন এবং এব্যাপারে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সংগে আলোচনা করবেন বলে শিক্ষক লিয়াজোঁ কমিটির নেতৃবৃন্দকে জানান।

বেসরকারী মাধ্যমিক স্কুল ও কলেজ শিক্ষক সংগ্রাম লিয়াজোঁ কমিটির অবস্থান ধর্মঘটের সোমবার তৃতীয় দিন অতিবাহিত হয়েছে। কেন্দ্রীয় শিক্ষক সংগ্রাম লিয়াজোঁ কমিটির আহবানে জাতীয় প্রেসক্লাবের সামনে এই অবস্থান ধর্মঘট হয়।

সোমবার সকালে শিক্ষক নেতৃবৃন্দ তাঁদের চারদফা দাবি মেনে নেয়ার জন্য সরকারের প্রতি আহবান জানান। তাঁদের দাবির প্রতি সমর্থন জানিয়ে আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক আবদুল জলিল, সভাপতি মন্ডলীর সদস্য তোফায়েল আহমদ এমপি গণতন্ত্রী পার্টির সুরঞ্জিত সেনগুপ্ত এমপি, ওয়ার্কার্স পার্টির সাধারণ সম্পাদক রাশেদ খান মেনন এমপি, জাসদের সাধারণ সম্পাদক হাসানুল হক, বাসদের আ ফ ম মাহবুবুল হক; শাহজাহান সিরাজ এমপি, আওয়ামী লীগের অধ্যাপক আবদুল মান্নান এমপি, খান টিপু সুলতান এমপি, জাতীয় পার্টির ডঃ টিআইএম ফজলে রাব্বী এমপি, ওয়ার্কার্স ফেডারেশন নেতা কুতুবউদ্দিন আহমদ, ছাত্রলীগ নেতা আতাউর রহমানও ছাত্র ইউনিয়নের সাধারণ সম্পাদক বক্তৃতা করেন।

বক্তারা শিক্ষকদের ন্যায় সংগত দাবি মেনে নেয়ার জন্য সরকারের প্রতি আহবান জানান। তাঁরা তাদের ধর্মঘটের প্রতি এবং আজকের হরতালের প্রতি সমর্থন জানান।

সোমবার বিকালে প্রেসক্লাব থেকে এক বিরাট মিছিল সংসদ অভিমুখে যাত্রা করে। মিছিলটি বাংলা মোটরের কাছে এসে পৌছালে বাধা প্রদান করা হয়। পরে শিক্ষক সংগ্রাম পরিষদের নেতৃবৃন্দ স্পীকারের কাছে গিয়ে স্মারকলিপি প্রদান করেন।

বাংলা মোটর প্রাঙ্গণে ধর্মঘটী শিক্ষকদের উদ্দেশ্যে বক্তৃতা করেন মোহাম্মদ কামরুজ্জামান, কাজী ফারুক আহমদ, শেখ আমানুল্লাহ, ডঃ আক্তারুজ্জামান, অধ্যক্ষ জহরুল ইসলামসহ বিভিন্ন শিক্ষক নেতৃবৃন্দ।

এদিকে হরতালের সমর্থনে সোমবার সন্ধ্যায় জাগপা এবং বামদল মশাল মিছিল বের করে।

### হরতালে সমর্থনে

শিক্ষক সংগ্রাম লিয়াজোঁ কমিটি আহূত আজকের হরতালের প্রতি বিভিন্ন সংগঠন সমর্থন জানিয়েছে। যে সকল সংগঠন সমর্থন জানিয়েছে তাদের মধ্যে রয়েছে ছাত্রলীগ (বা–কা), প্রগতিশীল জাতীয়তাবাদী দল, জাতীয় গণতান্ত্রিক ফ্রন্ট, বাসদ (মাহবুব), আওয়ামী শিল্পী গোষ্ঠী, জাতীয় ছাত্রদল ও জাগপা এবং সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট।

### দাবি মেনে নিন

ঢাকা মহানগর আওয়ামী লীগ, শ্রমিক লীগ, যুবলীগের এক বর্ধিত সভা সোমবার সন্ধ্যায় বঙ্গবন্ধু এভিনিউস্থ দলীয় কার্যালয়ে অনুষ্ঠিত হয় রিয়াজউদ্দিন আহমদের সভাপতিত্বে অনুষ্ঠিত এই আলোচনা সভায় অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন আওয়ামী লীগের যুগ্মসম্পাদক আবদুল জলিল, মনির হোসেন খান, আকতারুল আলম, কামরুল ইসলাম, ফয়েজউদ্দিন মিয়া ও এম এ কাদেরসহ বিভিন্ন নেতৃবৃন্দ বক্তৃতা করেন।

আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক আবদুল জলিল শিক্ষক সংগ্রাম লিয়াজোঁ কমিটি আহূত আজকের হরতাল কর্মসূচী সফল করার জন্য দলীয় কর্মী ও সর্বস্তরের জনগণের প্রতি আহবান জানান। তিনি শিক্ষকদের দাবি মেনে নেয়ার আহবান জানান। সভা শেষে এক বিক্ষোভ মিছিল বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে প্রেসক্লাবে এসে শেষ হয়।

এছাড়াও শিক্ষকদের দাবি মেনে নেয়ার আহবান জানিয়ে আরো যে সকল সংগঠন বিবৃতি দিয়েছে তাদের মধ্যে রয়েছে জাতীয় গণতান্ত্রিক ফ্রন্ট, ছাত্রলীগ (রোকা), দেশপ্রেম পার্টি, প্রগতিশীল জাতীয়তাবাদী দল, সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট, বাংলাদেশের কমিউনিস্ট পার্টি, বাংলাদেশের সমাজতান্ত্রিক দল (মাহবুব), জাতীয় ছাত্রদল ও জাগপা।